# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 30 March, 2025

সব বাধা ও প্রতিকূলতা অতিক্রম করে এবং দূরত্ব ঘুচিয়ে ঐক্যবদ্ধ জাতি হিসেবে এগিয়ে যাওয়ার বার্তা দিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

সোমবার (৩১ মার্চ) জাতীয় ঈদগাহে ঈদুল ফিতরের প্রধান জামাতে অংশ নেওয়ার পর শুভেচ্ছা বক্তব্যে তিনি এমন বার্তা দেন।

প্রতিকূলতা সত্ত্বেও ঐক্য অটুট রাখার আহ্বান জানিয়ে প্রধান উপদেষ্টা বলেন, আজকে একটি অটুট ঐক্য গড়ে তোলার দিন এবং আমরা স্থায়ীভাবে ঐক্য গড়ে তুলতে চাই।ঈদের জামাতে এটিই আমাদের কামনা।

তিনি বলেন, ঈদ দূরত্ব ঘোচানোর দিন।নৈকট্য আর ভালোবাসার দিন।আজ সেই দিনটি আমরা যেন গভীর ভালোবাসার সঙ্গে উদযাপন করতে পারি।আমরা যেন এই বার্তা সবার কাছে পৌঁছে দিতে পারি।

বক্তব্যের শুরুতে তিনি প্রবাসী বাংলাদেশিদের ঈদ শুভেচ্ছা জানান।এছাড়া অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন থাকায় যারা ঈদ জামাতে অংশ নিতে পারেন তাদের প্রতিও ঈদের শুভেচ্ছা জানান।

এদিন, সকাল সাড়ে ৮টায় জাতীয় ঈদগাহ মাঠে ঈদুল ফিতরের প্রধান ঈদ জামাত অনুষ্ঠিত হয়।এতে প্রধান উপদেষ্টা ছাড়াও ধর্ম উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন, জ্বালানি উপদেষ্টা ফাওজুল কবির খান, সুপ্রিম কোর্ট ও হাইকোর্ট বিভাগের বিচারপতি, ঢাকা দক্ষিণ সিটির প্রশাসক, রাজনীতিবিদ, বুদ্ধিজীবী, সচিব ও বিভিন্ন মুসলিম দেশের কূটনীতিকসহ সর্বস্তরের মানুষ নামাজ আদায় করেন।

ঈদুল-ফিতর প্রধান-উপদেষ্টা মুহাম্মদ-ইউনূস সুপ্রিম-কোর্ট নামাজ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:12

URL: https://www.timestodaybd.com/national/540909212